# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিস্‌মিল্লাহির রাহমানীর রহিম

সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ,
আস্‌সালামু-আলাইকুম,

কোম্পানির বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। নানাবিধ প্রতিকুল পরিবেশ, পরিস্থিতি, ব্যবসায়িক মন্দা এবং অর্থনৈতিক সংকটের কারণে আমরা ৩০ শে সেপ্টেম্বর, ২০১২ এ সমাপ্ত বছরের বার্ষিক সাধারণ সভা যথা সময়ে করতে পারিনি। মহামান্য হাইকোর্ট ডিভিশনের অনুমতিক্রমে উক্ত বছরের বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত বছরে কোম্পানির বার্ষিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব ও তার উপর নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সদয় পর্যালোচনা, বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

**কোম্পানি পরিচিতি ঃ**
এক্সেলসিয়র সুজ লিমিটেড বাংলাদেশের প্রথম শতভাগ জুতা উৎপাদন ও রপ্তানিকারক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি ১৯৮৮ সালের ৩০ শে জুন নিবন্ধিত হয়। কোম্পানির শিল্পকারখানাটি চট্টগ্রাম ইপিজেড এলাকায় অবস্থিত। ১৯৮৮ সালের ৩০ শে জুন কোম্পানি নিবন্ধিত হয় এবং ৩০ শে এপ্রিল, ১৯৯০ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু হয়। বাণিজ্যিকভাবে উৎপাদন শুরুর পর থেকেই দেশি বিদেশি ক্রেতাদের কাছে সুনাম এবং সুখ্যাতি অর্জন করে। প্রতিষ্ঠানটির সুনাম সুখ্যাতির কারণে ১৯৯৬ সালের জুন মাসে বিবিসি (British Broadcasting Corporation) এই প্রকল্পটিকে একটি Hi-tech শিল্প কারখানা হিসাবে চিহ্নিত করে রেডিও ও টেলিভিশনে পৃথক পৃথক প্রতিবেদন প্রচার করে। মালয়শিয়ার তৎকালীন প্রধানমন্ত্রী জনাব মহাথীর মোহাম্মদ ও বিশ্বব্যাংকের ভাইস প্রেসিডেন্টসহ দেশি-বিদেশী গণ্যমান্য ব্যক্তিবর্গ দক্ষিণ পূর্ব এশিয়ার অন্যতম বৃহত্তম জুতা প্রস্তুতকারী প্রতিষ্ঠান হিসেবে কোম্পানির শিল্পকারখানা পরিদর্শন করেন।

**মানব সম্পদ ঃ**
গুনগত মান বজায় রেখে বিশ্ব বাজারে প্রতিযোগিতা কারার মতো জুতা উৎপাদনের জন্য কোম্পানি শুরু থেকেই গুরুত্ব দিয়েছে দক্ষ মানব সম্পদ নিয়োগ করার দিকে। শুধু তাই নয় জুতা প্রস্তুতকরণ ও বাজারজাতকরণের উপর উচ্চতর প্রশিক্ষণের জন্য কোম্পানি নিজ খরচে বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মকর্তা, নির্বাহী ও ব্যবস্থপককে বিদেশে পাঠিয়েছেন। বিদেশী ক্রেতাদের চাহিদা অনুযায়ী গুণগত মান বজায় রেখে যথাসময়ে উৎপাদন শেষ করে হস্তান্তর করার লক্ষে উৎপাদন পরিকল্পনা অনুযায়ী, আবার কখনো কখনো ব্যবসায়িক মন্দা পরিস্থিতির কারণে কোম্পানির মোট মানব সম্পদের পরিমাণ কখনো বাড়ানো হয়েছে আবার কখনো কমানো হয়েছে। তাছাড়া উৎপাদন ও বিক্রয়মূল্য বিদেশ থেকে প্রাপ্ত অর্ডার এর সংখ্যা এবং প্রতি জোড়া জুতার ধরণ ও মূল্যের উপর তারতম্য হয়েছে। নিম্নে ৩০ শে সেপ্টেম্বর, ২০১২ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের মানব সম্পদের সংখ্যা এবং মানব সম্পদের বিপরীতে উৎপাদন এবং বিক্রয়ের চিত্র তুলে ধরা হলো:

| ক্রমিক নং | সমাপ্ত বছর | মোট মানব সম্পদ (শ্রমিক, কর্মচারি, কর্মকর্তা, নির্বাহী এবং ব্যবস্থাপক) | উৎপাদন (জোড়া) | বিক্রয় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ০১. | ৩০ শে সেপ্টেম্বর, ২০০৯ | ১,১৪৬ | ১০,৯০,০৯০ | ৩,৮১৩.২৭ |
| ০২ | ৩০ শে সেপ্টেম্বর, ২০১০ | ১,৫৮৭ | ১০,৫০,০০০ | ৪,১০৭.৭২ |
| ০৩ | ৩০ শে সেপ্টেম্বর, ২০১১ | ১,৭২৮ | ১৪,৫৫,০০০ | ৬,১৯৭.৭৭ |
| ০৪. | ৩০ শে সেপ্টেম্বর, ২০১২ | ১,৫৬২ | ১১,৮৩,০০০ | ৫,৪০২.৭৬ |

# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

**আর্থিক ফলাফল ঃ**

৩০ শে সেপ্টেম্বর, ২০১২ এ সমাপ্ত বছরের সাথে বিগত ৩ বছরের আর্থিক ফলাফল নিম্নে দেওয়া হলোঃ

| সমাপ্ত বছর | মোট বিক্রয় (লক্ষ টাকায়) | মোট মুনাফা/ক্ষতি (লক্ষ টাকায়) | ওপারেটিং মুনাফা/ক্ষতি (লক্ষ টাকায়) | নীট মুনাফা/ক্ষতি (লক্ষ টাকায়) | শেয়ার প্রতি লাভ/ক্ষতি (টাকা) |
|---|---|---|---|---|---|
| ৩০ শে সেপ্টেম্বর, ২০০৯ | ৩,৮১৩.২৮ | ৩০৪.৩৯ | ২.৭৫ | ৫.৬৫ | ০.১৯ |
| ৩০ শে সেপ্টেম্বর, ২০১০ | ৪,১০৭.৭২ | ২৭৫.৯৩ | (৮১.৮৭) | ১৮.৭৪ | ০.৬২ |
| ৩০ শে সেপ্টেম্বর, ২০১১ | ৬১৯৭.৭৭ | ৩৮৮.১২ | ৭.৯৭ | ৩৩.৮১ | ১.১৩ |
| ৩০ শে সেপ্টেম্বর, ২০১২ | ৫,৪০২.৭৬ | ৩৭৯.০২ | ১৬.৯৫ | ৩৫.৬৫ | ১.১৯ |

**ব্যবসায়িক কার্যক্রম পর্যালোচনা:**

৩০ শে সেপ্টম্বর, ২০১২ এ সমাপ্ত বছরে কোম্পানি ৩৫.৬৫ টাকা মুনাফা অর্জন করে।

**লভ্যাংশ ঘোষণা সংক্রান্ত সিদ্ধান্ত ঃ**

৩০ শে সেপ্টেম্বর, ২০১২ এ সমাপ্ত বছরের কোম্পানি মুনাফা অর্জন করলেও পুঞ্জিভূত লোকসানের কারণে এবং চলতি মূলধনের সংকট দূর করার জন্য বিগত ০২.০১.২০২৪ ইং তারিখের অনুষ্ঠিত পরিচালনা পরিষদের সভায় ডিভিডেন্ড না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**পরিচালনা পরিষদ ঃ**

| | | |
|---|---|---|
| ০১ | মরহুম এম. এ. কালাম | ব্যবস্থাপনা পরিচালক |
| ০২ | জনাব খন্দকার হাসান রেজা, এফসিএস | পরিচালক |
| ০৩ | জনাব রুহুল আমীন, এফসিএমএ | পরিচালক |
| ০৪ | জনাব জেড. ইউ. তারিক | পরিচালক |
| ০৫ | জনাব ইঞ্জিনিয়ার আবদুল হক | স্বতন্ত্র পরিচালক |

**পরিচালকগণের অবসর গ্রহণ ও পুনঃনিয়োগ ঃ**

কোম্পানির আর্টিকেলস অব এসোসিয়েশনের সংশ্লিষ্ট বিধান মোতাবেক মরহুম জনাব এম এ কালাম অবসর গ্রহণ করেন। তিনি পুনঃনিয়োগের আবেদন করেন এবং যোগ্য বিধায় পুনঃরায় নিয়োগ দেওয়া হয়। এই নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

**নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ ঃ**

নিরীক্ষক প্রতিষ্ঠান হুসেন খাজা এন্ড কোং ৩০ শে সেপ্টেম্বর, ২০১৩ এ সমাপ্ত বছরের জন্য নিরীক্ষক হিসেবে পুনঃনিয়োগের আবেদন করে। অন্য কোনো প্রস্তাব না থাকায় এবং যোগ্যতাসম্পন্ন হওয়ায়, পরিচালনা পরিষদ ৬০,০০০ (ষাট হাজার) টাকা পারিশ্রমিকে হুসেন খাজা এন্ড কোং কে উক্ত বছরের জন্য পুনঃরায় নিয়োগ দেয়। উক্ত নিয়োগ সভায় অনুমোদনের জন্য পেশ করা হলো।

**নিরীক্ষকের মন্তব্যের উপর ব্যাখ্যা ঃ**

নিরীক্ষক তাদের প্রতিবেদনে কোম্পানির হিসাবের উপর কোনো ধরনের বিরূপ মন্তব্য প্রকাশ করেন নাই।

**উপসংহার ঃ**

পরিচালকমন্ডলীর পক্ষ থেকে সম্মানিত সকল শেয়ার-মালিক, সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক, কোম্পানির সকল সহযোগি ও প্রতিষ্ঠানকে তাঁদের ঐকান্তিক আন্তরিকতা ও ব্যবসায়িক অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হচ্ছে।

পরিচালকমন্ডলীর পক্ষে-

(রুহুল আমীন, এফসিএমএ)
পরিচালক

(কে.এইচ. রেজা, এফসিএস)
পরিচালক এবং কোম্পানি সচিব